মুজিবনগর উপজেলা ছাত্রলীগের

কমিটি গঠন

মেহেরপুরের মুজিবনগর উপজেলা ছাত্রলীগের আংশিক কমিটির অনুমোদন দিয়েছে জেলা ছাত্রলীগ। গতকাল শনিবার (১৩ এপ্রিল) জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইমাম হোসেন ইমনকে সভাপতি ও স্বপন গাজিকে সাধারণ সম্পাদক করে আগামী এক বছর জন্য মুজিবনগর উপজেলা ছাত্রলীগের ৬ সদস্য বিশিষ্ট আংশিক কমিটির অনুমোদন দেয়া হলো। কমিটির অন্য সদস্যরা হলো, সহসভাপতি ইশতিয়াক হোসেন লিমন, ওমর শরিফ উৎসর্গ, যুগ্ম সাধারণ সম্পাদক ইশতিয়াক আহমেদ ও সাংগঠনিক সম্পাদক সায়েম খন্দকার।

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন জানান, আংশিক কমিটির অনুমোদন দেয়া হয়েছে। সেই সাথে পূর্নাঙ্গ কমিটির তালিকা অতি দ্রুত দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।

মুজিবনগর উপজেলা ছাত্রলীগের

সাধারণ সম্পাদক বহি:স্কার,

কমিটি বিলুপ্ত

মুজিবনগর উপজেলা ছাত্রলীগ সম্পাদকের মাদক গ্রহনের ছবি ভাইরাল এবং সংগঠন পরিপন্থী কার্যকলাপের কারনে শেখ সাকিবকে বাংলাদেশ ছাত্রলীগ থেকে সাময়িক বহিস্কার করা হয়েছে। সেই সাথে স্থায়ীভাবে বহি:স্কারের জন্য বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নির্বাহী সংসদ বরাবর সুপারিশ করা হয়েছে। এদিকে একই বিজ্ঞপ্তিতে মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৫ সেপ্টেম্বর) রাতে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল স্বাক্ষরিত প্রেস বিজ্ঞপ্তিতে এই তথ্য নিশ্চিত করা হয়েছে।

জানা গেছে, সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিবের মাদক গ্রহনের ছবি ভেসে বেড়াচ্ছে । জনগনের বন্ধু নামের একটি ফেসবুক আইডি থেকে গত ১১ আগষ্ট সাকিবের ইয়াবা সেবনের একটি ছবি পোষ্ট করা হয়। পরে মূহুর্তেই ছড়িয়ে পড়ে ছবিটি। পরে গত ২ সেপ্টেম্বর গাঁজা সেবনের আরও একটি ছবি একই আইডি থেকে পোষ্ট করা হয়। সেই সাথে তাকে বহিষ্কারের দাবি জানায় ওই ফেসবুক আইডিটি। এছাড়াও ছাত্রলীগের মহাসমাবেশে না গিয়ে বিএনপি নেতা কর্মীদের সাথে বসে আড্ডা দেওয়ারও ছবি পোষ্ট করে জনগনের বন্ধু নামের ওই ফেসবুক আইডিটি। এতেই ক্ষোভে ফেটে পড়ে মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিটের ছাত্রলীগের নেতা কর্মীরা। এরকম মাদকাশক্ত একজন ছাত্রনেতার অবিলম্বে বহিষ্কারের দাবি জানায় ছাত্রলীগ নেতারা।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন ও সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল বলেন, সংগঠণ বিরোধী, শৃংখলা পরিপন্থি, অপরাধমুলক এবং সংগঠনের মর্যাদা ক্ষুন্ন হয় এমন কার্যকলাপের সাথে জড়িত থাকার অপরাধে মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক শেখ সাকিব কে সাময়ীক বহি:স্কার করা হয়েছে। এছাড়া মুজিবনগর উপজেলা ছাত্রলীগের কমিটি মেয়াদ উত্তীর্ণ হওয়ায় কমিটির সকল কার্যক্রম বিলুপ্ত ঘোষণা করা হয়েছে।

মেহেরপুর ছাত্রলীগের কয়েকজন নেতা কর্মী নাম প্রকাশ না করার শর্তে বলেন, সামাজিক যোগাযোগ মাধ্যমে আমরা দেখেছি তার মাদক গ্রহনের ছবি। এতে ছাত্রলীগের মান ক্ষুন্ন হয়েছে। মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন ছাত্রলীগের কয়েকজন নেতা কর্মী জানায়, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক বিভিন্ন সময় বিভিন্ন বির্তকীত কাজ করে ছাত্রলীগকে কলঙ্কিত করছে। অবিলম্বে এমন ছাত্রনেতার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেয়ারও জোর দাবি জানান তারা। এছাড়াও মুজিবনগর ছাত্রলীগের সাধারণ সম্পাদকের পদে থেকে সে বিয়েও করেছে। ইতিমধ্যে তার একটি কন্যা সন্তানও আছে। ২০১৭ সালের ২৯ নভেম্বর চার সদস্যের মুজিবনগর ছাত্রলীগের কমিটির অনুমোদন দেই জেলা ছাত্রলীগ। পরে তিন মাসের মধ্যে পূর্নাঙ্গ কমিটি করার নির্দেশ দেয়া হয়। কিন্তু ৬ বছরেও হয়নি পূর্নাঙ্গ কমিটি।

দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের মটরসাইকেল শোডাউন

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আজ বুধবার বিকালে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আরিফুর ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু’র নেতৃত্বে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ প্রায় তিন শত মটর সাইকেলের এক বিশাল শোডাউন করেছে।

”শেখ হাসিনার সালাম নিন নৌকা মার্কায় ভোট দিন” এ শ্লোগান দিয়ে স্থানীয় সাংসদ হাজী আলী আজগার টগর এমপির পক্ষে এই মটর সাইকেলের বহর চিৎলা থেকে বের হয়ে উপজেলাব্যাপী প্রদক্ষিন করে।

উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রিংকু বলেন, আসন্ন নির্বাচনে নৌকা প্রতীকের জয় নিশ্চিত করতে এমপি টগর এর নির্দেশে উপজেলা ব্যাপী মটরসাইকেল শোডাউনের করা হয়। আজ বুধবার বিকালে উপজেলার দামুড়হুদা, হাউলী, দর্শনা,কুড়ালগাছি,কার্পাসডাঙ্গা ইউনিয়নের বিভিন্ন জায়গার নেতাকর্মীরা মটর সাইকেল নিয়ে জননেত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরে নৌকার পক্ষে ভোট চান নেতা কর্মীরা।

সবার হাতে নৌকা সম্বলিত প্লাকার্ড, বঙ্গবন্ধু ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবি সহ তাতে লেখা নৌকা মার্কায় ভোট দিন। এই শোডাউনে প্রায় ৬ শতাধিক ছাত্রলীগ নেতা কর্মী অংশ নেন। প্রায় তিন শত মটর সাইকেল শোডাউনের নেতৃত্ব দেন উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফ মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

এ সময় উপস্থিত ছিলেন, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক রাসেল আহাম্মেদ,যুগ্ন আহবায়ক রায়হানুল ইসলাম। নাটুদা ইউনিয়ন ছাত্রলীগ সভাপতি লিমন খান, ছাত্রলীগ নেতা ছালিম হোসেন, তারিকুল, সুলতান, মিফতাহ, হেকমত, শফিকুল, মফিজুল, ছাত্রলীগ নেতা রায়হান, সুলতান, শাহিন, শিমুল, সাজ্জাদ, শেখ রাসেল, সুমন, লিংকন, লিজন, রাজ্জাক, আল মামুন, ছাইদুর, নাইমুর, সাগর প্রমুখ।